

মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্য বিবরণী
আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

সভাপতি : জনাব ঝর্ণা রহমান
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

তারিখ : ০৯/০৮/২০২১খ্রি:

স্থান : উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যানের কার্যালয়, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।

উপস্থিত সদস্যগণের স্বাক্ষর পরিশিষ্ট “ ক ”

অধ্যকার মাধ্যমিক ও মাদরাসা শিক্ষা স্থায়ী কমিটির সভার কার্যক্রম শুরু হয় উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান জনাব ঝর্ণা রহমান এর সভাপতিত্বে। সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারকে সভা পরিচালনার জন্য অনুরোধ করেন। অতঃপর আলোচ্যসূচি মোতাবেক সভা অনুষ্ঠিত হয়।

ক্রঃ নং-১: বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন

আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়	কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত করা হয়।	সংশ্লিষ্ট সকল

ক্রঃ নং-২: মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে শ্রেণিকক্ষে শিক্ষকগণ ক্লাশ নেয়া সম্পর্কে বিশ্লেষণ

আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিদিন ০২টি শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া প্রজেক্টরের মাধ্যমে শিক্ষকগণ ক্লাশ পরিচালনা করে প্রতি দিনের কার্যক্রম ডেস্ বোর্ডে আপলোড করার তাগিদ দেন।	শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক পাঠদান পদ্ধতি শিক্ষা মানন্যেয়নে ভূমিকা রাখবে। এ বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রতিষ্ঠান প্রধানদের নিয়ে নিয়মিত সভা ও পরিদর্শন বৃদ্ধি করবেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

ক্রঃ নং-৩: শিক্ষা প্রতিষ্ঠানে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা

আলোচনা ও পর্যালোচনা	সিদ্ধান্ত/সুপারিশ	বাস্তবায়নে
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জানান প্রতিবছর বাংলাদেশ জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা সমন্বয়ে গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। নিয়মিত খেলাধূলা করিলে শিক্ষার্থীদের মন ভাল থাকে। সুতরাং সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অংশগ্রহণের জন্য তাগিদ দেন।	শিক্ষা প্রতিষ্ঠানে আধুনিক পাঠদানের পাশাপাশি সকল শিক্ষা প্রতিষ্ঠান গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ নিশ্চিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার প্রতিষ্ঠান প্রধানদের উদ্বুদ্ধ করবেন।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

চলমান পাতা/০২